গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি/কমিশন) সরকারের নীতির সাথে সামঞ্জস্যতা রেখে লক্ষ্য অর্জনে দেশের টেলিযোগাযোগ খাতে বিনিয়োগযোগ্য অনুকূল পরিবেশ সৃষ্টি এবং সুশৃঙ্খল নিয়ন্ত্রণের মাধ্যমে বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার ক্ষেত্রে নিরলস কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর লক্ষ্য ও পরিকল্পনার অংশ হিসেবে দেশে 5G সেবা প্রবর্তনের লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিঃ এর অনুকূলে ৬০ মেগাহার্জ এবং পরবর্তীতে অন্যান্য মোবাইল অপারেটরসমূহের অনুকূলে ১৯০ মেগাহার্জ তরঙ্গ সাময়িকভাবে বরাদ্ধ প্রদান করা হয়। সরকারী রাজস্ব সুরক্ষা, বৈধভাবে মোবাইল হ্যান্ডসেট আমদানী সহজীকরণ, অবৈধ হ্যান্ডসেটের আমদানী/ব্যবহার/উৎপাদন/ বাজারজাতকরণ কে প্রতিহত করা, হ্যান্ডসেটের চুরি ও অবৈধ হ্যান্ডসেট দ্বারা সংগঠিত অপরাধ প্রতিরোধে NEIR সিস্টেম স্থাপন করা হয়েছে। একই মূল্যে ব্রডব্যান্ড ইন্টারনেট পৌঁছে দেওয়ার লক্ষ্যে ‘এক দেশ এক রেট’ ট্যারিফ বাস্তবায়ন করা হয়েছে। অর্ধেক খরচে বাংলা এসএমএস সেবা চালু, কর্পোরেট সিম অনুমোদন প্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ এবং গ্রাহক পরিচিতি নিশ্চিতে বিটিআরসির সিস্টেমের সাথে IBAS++ অন্তর্ভুক্ত করা হয়েছে। বেসরকারী খাতে সাবমেরিন ক্যাবল লাইসেন্স প্রদান করা হয়েছে। সরকারের প্রাপ্য রাজস্ব নিশ্চিতকরণের লক্ষ্যে TMS স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

টেলিযেগাযোগ খাতের ক্রমবর্ধমান অগ্রগতির ফলে আইন, পলিসি ও গাইডলাইন যুগোপযোগীকরণ ও যথাসময়ে নতুন প্রযুক্তি প্রবর্তণ একটি বড় চ্যালেঞ্জ। বর্তমান সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ইন্টারনেট সেবা সহজীকরণ সহ সকলের দোরগোড়ায় উক্ত সেবা পৌঁছে দেয়াও সমান চ্যালেঞ্জ। দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত ও সমানভাবে টেলিযোগাযোগ সেবার বিস্তার এবং ডিজিটাল বৈষম্য নিরোধে দেশব্যাপী বিটিআরসি’র দাপ্তরিক কার্যক্রম বিস্তারের প্রয়োজনীয়তার বিপরীতে মানবসম্পদের স্বল্পতা রয়েছে। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীনে গঠিত বিটিআরসি’র কাঠামোগত ভিত্তি জোরদার এবং কর্মরত মানবসম্পদের যুগোপযোগী প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থাসমূহের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে যুগোপযোগী টেলিযোগাযোগ সেবা দেশব্যাপী ছড়িয়ে দেয়ার জন্য সুগঠিত নীতিমালা প্রয়োজন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশে বিশ্বমানের টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সময়োপোযোগী আইন, নীতিমালা ও গাইডলাইন প্রণয়ন, ইন্টারনেট ব্যান্ডউইথের মূল্য সহনশীল পর্যায়ে ধরে রাখা। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের জন্য নিয়ন্ত্রক সংস্থা হিসেবে যাবতীয় সহযোগিতা প্রদান। ইন্টারনেটভিত্তিক সাইবার নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালীকরণ, ডিজিটাল ব্রডকাস্টিং সুইচওভার, স্পেকট্রাম মনিটরিং সিস্টেমের আপগ্রেডেশন এবং সম্প্রসারণ, বিভিন্ন ব্যান্ডের অব্যবহৃত তরঙ্গ বরাদ্দকরণ। ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা, ব্রডব্যান্ড পলিসি প্রণয়ন, অফ-নেট ও A2P SMS এর Floor & Ceiling Tariff নির্ধারণ। সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করে অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মোবাইল অপারেটরের অনুকূলে অব্যবহৃত তরঙ্গ বরাদ্দকরণ
- বিভাগীয় পর্যায়ে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা
- অভ্যন্তরীণ অফ-নেট ও A2P SMS এর Floor & Ceiling Tariff নির্ধারণ
- NAID সিস্টেম আপগ্রেডেশনের ক্রয় সম্পন্নকরণ
- ISP ও IIG অপারেটরের জন্য ডাটা ইনফরমেশন সিস্টেম স্থাপন
- ব্রডব্যান্ড পলিসির খসড়া প্রনয়ণ
- সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

অবস্থান নির্বিশেষে সবার জন্য সুলভ মূল্যে গ্রহণযোগ্য নব নব প্রযুক্তির সমন্বয়ে মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক) বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত এবং সুসংহত করতে পারে এমন একটি টেলিযোগাযোগ ব্যবস্থার সুশৃংখল উন্নয়ন এবং তাতে উৎসাহ দান।

খ) বাংলাদেশের বিরাজমান অর্থনৈতিক ও সামাজিক বাস্তবতা অনুসারে যতদূর সম্ভব বৃহত্তম জনগোষ্ঠীর জন্য একটি নির্ভরযোগ্য, যুক্তিসংগত ব্যয়-নির্ভর ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রাপ্তির সুযোগ নিশ্চিত করা।

গ) জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে প্রতিযোগিতা করার মত একটি নির্ভরযোগ্য ও আধুনিক মানের টেলিযোগাযোগ সেবা ও ইন্টারনেট সেবা প্রদান নিশ্চিত করা।

ঘ) টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বৈষম্যমূলক ব্যবস্থা প্রতিরোধ ও অবসান, প্রতিযোগিতামূলক এবং বাজারমুখী ব্যবস্থার উপর ক্রমবর্ধমান হারে নির্ভরতা অর্জন এবং সংগতি রেখে যথাযথ ক্ষেত্রে কমিশনের কার্যকর নিয়ন্ত্রণ নিশ্চিত করা এবং নতুন নতুন টেলিযোগাযোগ সেবা প্রবর্তন এবং দেশী ও বিদেশী বিনিয়োগকারীদের বাংলাদেশে টেলিযোগাযোগ খাতে বিনিয়োগ করার জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি।
২. গুণগত মানসম্পন্ন সেবা প্রদানের লক্ষ্যে অপারেশনাল কার্যক্রম ও মনিটরিং ব্যবস্থাপনা জোরদারকরণ।
৩. লাইসেন্স/ গাইডলাইন/ নীতিমালা/ নির্দেশিকা প্রণয়নের মাধ্যমে নিয়মানুবর্তিতা আনয়ন।
৪. তরঙ্গ ব্যবস্থাপনা ও মনিটরিং কার্যক্রমের মাধ্যমে শৃঙ্খলা আনয়ন।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বাংলাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং টেলিযোগাযোগ সেবা প্রদান নিয়ন্ত্রণ।

২. দেশীয় গ্রাহকগণের উপর আরোপিত চার্জের হার, এবং টেলিযোগাযোগ সেবার প্রাপ্যতা, মান ও বৈচিত্রের ব্যাপারে তাহাদের স্বার্থ রক্ষা করা।

৩. উন্নত টেলিযোগাযোগ সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা এবং উহাতে উৎসাহ দান।

৪. টেলিযোগাযোগের একান্ততা (Privacy) রক্ষার ব্যবস্থা নিশ্চিত করা।

৫. টেলিযোগাযোগের ক্ষেত্রে অনুসরণীয় নম্বর বা সংখ্যা (Numbering plan) সংক্রান্ত জাতীয় পরিকল্পনা প্রণয়ন এবং প্রয়োজনে ইহা সংশোধন।

৬. টেলিযোগাযোগ সেবার প্রযুক্তিগত মান ও মানদন্ড নির্ধারণ, পরিচালনাকারীগণ প্রদত্ত সেবার মান পরিবীক্ষণ এবং উক্ত মান যাহাতে কমিশন কর্তৃক নির্ধারিত মানের সহিত সংগতিপূর্ণ হয় তাহা নিশ্চিত করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| টেলিডেনসিটি ২০২৪ সালের মধ্যে ১০৭.৫% এ উন্নীতকরণ। | টেলিডেনসিটি বৃদ্ধিকরণ | % | ১০৬.২৩ | ১০৪.৮৮% | ১০৬% | ১০৭.৫% | - | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ, লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠাসমূহ এবং সুবিধাভুগীগণ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিটিআরসি ও পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক প্রতিবেদন, ওয়েবসাইট ও অন্যান্য তথ্যসূত্র |
| সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়। | রাজস্ব আদায় নিশ্চিতকরণ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, অর্থ বিভাগ, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিটিআরসি ও অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইট ও অন্যান্য তথ্যসূত্র |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি। | ২৫ | [১.১] কমিশনের আর্কাইভ ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপনের জন্য চুক্তি স্বাক্ষর | [১.১.১] চুক্তি স্বাক্ষরিত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৫.২৪ | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | [১.২] ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের জন্য ফাইল সার্ভার স্থাপনের দরপত্র মূল্যায়ন সম্পন্নকরণ | [১.২.১] দরপত্র মূল্যায়নকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৩.২৪ | ৩০.০৪.২৪ | ৩১.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | [১.৩] যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণের ডাটাবেজ প্রস্তুতকরণ | [১.৩.১] ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.১২.২৩ | ৩১.০১.২৪ | ২৮.০২.২৪ | ১৫.০৩.২৪ | ৩১.০৩.২৪ | | |
| | | [১.৪] সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | [১.৪.১] লক্ষ্যমাত্রা অর্জিত | গড় | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [২] গুণগত মানসম্পন্ন সেবা প্রদানের লক্ষ্যে অপারেশনাল কার্যক্রম ও মনিটরিং ব্যবস্থাপনা জোরদারকরণ। | ২০ | [২.১] ISP ও IIG অপারেটরের তথ্য প্রদান কার্যক্রম স্বয়ংক্রিয়করণের জন্য ডাটা ইনফরমেশন সিস্টেম স্থাপন | [২.১.১] সিস্টেম স্থাপিত | তারিখ | তারিখ | ১০ | | | ৩১.১২.২৩ | ৩১.০১.২৪ | ২৮.০২.২৪ | ১৫.০৩.২৪ | ৩১.০৩.২৪ | | |
| | | [২.২] বিভাগীয় পর্যায়ে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ | [২.২.১] কার্যক্রম পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] লাইসেন্স/ গাইডলাইন/ নীতিমালা/ নির্দেশিকা প্রণয়নের মাধ্যমে নিয়মানুবর্তিতা আনয়ন। | ১৫ | [৩.১] অভ্যন্তরীণ অফ-নেট ও A2P SMS এর Floor & Ceiling Tariff নির্ধারণ | [৩.১.১] Tariff নির্ধারণকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.১২.২৩ | ৩১.০১.২৪ | ২৮.০২.২৪ | ১৫.০৩.২৪ | ৩১.০৩.২৪ | | |
| | | [৩.২] ব্রডব্যান্ড পলিসির খসড়া প্রনয়ণ | [৩.২.১] খসড়া প্রণীত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৫.২৪ | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | [৩.৩] কমিশন কর্তৃক দায়েরকৃত মামলার তথ্য ও নিষ্পত্তি ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ | [৩.৩.১] কার্যক্রম স্বয়ংক্রিয়কৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৩.২৪ | ৩০.০৪.২৪ | ৩১.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| [৪] তরঙ্গ ব্যবস্থাপনা ও মনিটরিং কার্যক্রমের মাধ্যমে শৃঙ্খলা আনয়ন। | ১০ | [৪.১] ২৩০০-২৪০০ মেগাহার্জ এবং ২৫০০-২৬৯০ মেগাহার্জ ব্যান্ডের অব্যবহৃত তরঙ্গ মোবাইল অপারেটরের অনুকূলে বরাদ্দকরণ | [৪.১.১] তরঙ্গ বরাদ্দকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৪.২৪ | ১৫.০৫.২৪ | ৩১.০৫.২৪ | ১৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | [৪.২] NAID সিস্টেম আপগ্রেডেশনের ক্রয় সম্পন্নকরণ | [৪.২.১] ক্রয় সম্পন্নকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৫.২৪ | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটারি কমিশন | তারিখ |
| সচিব<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | 5G | Fifth Generation Technology Standard |
| ২ | A2P | Application to Person |
| ৩ | AI | Artificial intelligence |
| ৪ | GIS | Geographical Information System |
| ৫ | IIG | International Internet Gateway |
| ৬ | IMEI | International Mobile Equipment Identity |
| ৭ | ISP | Internet Service Provider |
| ৮ | NAID | NOC Automation & IMEI Database |
| ৯ | NEIR | National Equipment Identity Register |
| ১০ | QoS | Quality of Service |
| ১১ | SMS | Short Message Service |
| ১২ | TMS | Telecom Monitoring System |
| ১৩ | আইএসপি | ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার |
| ১৪ | ইএমএফ | ইলেক্ট্রো-ম্যাগনেটিক ফিল্ড |
| ১৫ | এসএমএস | শর্ট ম্যাসেজ সার্ভিস |
| ১৬ | এসএস | সিস্টেমস্ এন্ড সার্ভিসেস |
| ১৭ | কিউওএস | কোয়ালিটি অব সার্ভিস |
| ১৮ | টিএমএস | টেলিকম মনিটরিং সিস্টেম |
| ১৯ | বিটিআরসি | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কমিশনের আর্কাইভ ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপনের জন্য চুক্তি স্বাক্ষর | [১.১.১] চুক্তি স্বাক্ষরিত | প্রশাসন বিভাগ | চুক্তিপত্র |
| [১.২] ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের জন্য ফাইল সার্ভার স্থাপনের দরপত্র মূল্যায়ন সম্পন্নকরণ | [১.২.১] দরপত্র মূল্যায়নকৃত | প্রশাসন বিভাগ | মূল্যায়ন প্রতিবেদন |
| [১.৩] যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণের ডাটাবেজ প্রস্তুতকরণ | [১.৩.১] ডাটাবেজ প্রস্তুতকৃত | প্রশাসন বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [১.৪] সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | [১.৪.১] লক্ষ্যমাত্রা অর্জিত | অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [২.১] ISP ও IIG অপারেটরের তথ্য প্রদান কার্যক্রম স্বয়ংক্রিয়করণের জন্য ডাটা ইনফরমেশন সিস্টেম স্থাপন | [২.১.১] সিস্টেম স্থাপিত | ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [২.২] বিভাগীয় পর্যায়ে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ | [২.২.১] কার্যক্রম পরিচালিত | ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [৩.১] অভ্যন্তরীণ অফ-নেট ও A2P SMS এর Floor & Ceiling Tariff নির্ধারণ | [৩.১.১] Tariff নির্ধারণকৃত | সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগ | Tariff নির্ধারণের আদেশ/পত্র |
| [৩.২] ব্রডব্যান্ড পলিসির খসড়া প্রনয়ণ | [৩.২.১] খসড়া প্রণীত | সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগ | প্রণীত খসড়া |
| [৩.৩] কমিশন কর্তৃক দায়েরকৃত মামলার তথ্য ও নিষ্পত্তি ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ | [৩.৩.১] কার্যক্রম স্বয়ংক্রিয়কৃত | লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |
| [৪.১] ২৩০০-২৪০০ মেগাহার্জ এবং ২৫০০-২৬৯০ মেগাহার্জ ব্যান্ডের অব্যবহৃত তরঙ্গ মোবাইল অপারেটরের অনুকূলে বরাদ্দকরণ | [৪.১.১] তরঙ্গ বরাদ্দকৃত | স্পেকট্রাম বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন/তরঙ্গ বরাদ্দ পত্র |
| [৪.২] NAID সিস্টেম আপগ্রেডেশনের ক্রয় সম্পন্নকরণ | [৪.২.১] ক্রয় সম্পন্নকৃত | স্পেকট্রাম বিভাগ | এ সংশ্লিষ্ট প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| কমিশন কর্তৃক দায়েরকৃত মামলার তথ্য ও নিষ্পত্তি ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ | কার্যক্রম স্বয়ংক্রিয়কৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| ব্রডব্যান্ড পলিসির খসড়া প্রনয়ণ | খসড়া প্রণীত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| অভ্যন্তরীণ অফ-নেট ও A2P SMS এর Floor & Ceiling Tariff নির্ধারণ | Tariff নির্ধারণকৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| বিভাগীয় পর্যায়ে ইএমএফ রেডিয়েশন পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও তথ্য ওয়েবসাইটে প্রকাশ | কার্যক্রম পরিচালিত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| ISP ও IIG অপারেটরের তথ্য প্রদান কার্যক্রম স্বয়ংক্রিয়করণের জন্য ডাটা ইনফরমেশন সিস্টেম স্থাপন | সিস্টেম স্থাপিত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| NAID সিস্টেম আপগ্রেডেশনের ক্রয় সম্পন্নকরণ | ক্রয় সম্পন্নকৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| ২৩০০-২৪০০ মেগাহার্জ এবং ২৫০০-২৬৯০ মেগাহার্জ ব্যান্ডের অব্যবহৃত তরঙ্গ মোবাইল অপারেটরের অনুকূলে বরাদ্দকরণ | তরঙ্গ বরাদ্দকৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | লক্ষ্যমাত্রা অর্জিত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণের ডাটাবেজ প্রস্তুতকরণ | ডাটাবেজ প্রস্তুতকৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের জন্য ফাইল সার্ভার স্থাপনের দরপত্র মূল্যায়ন সম্পন্নকরণ | দরপত্র মূল্যায়নকৃত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |
| কমিশনের আর্কাইভ ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপনের জন্য চুক্তি স্বাক্ষর | চুক্তি স্বাক্ষরিত | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | প্রতিনিয়ত যোগাযোগ রক্ষার মাধ্যমে অভিজ্ঞতা ও জ্ঞানের বিনিময়ের দ্বারা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সূচক অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ